গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাজেট অধিশাখা
www.emrd.gov.bd

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মো: জিল্লুর রহমান চৌধুরী**<br>**যুগ্ম সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ** |
| **তারিখ** | : | **২৩ এপ্রিল ২০১৮** |
| **সময়** | : | **বেলা ১১:০০ ঘটিকা** |
| **স্থান** | : | **যুগ্ম সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।** |
| **উপস্থিত সদস্য** | : | **পরিশিষ্ট-ক।** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে কার্যপত্র অনুসারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব ও ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মোঃ হারুন-অর-রশিদ আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কমপক্ষে দুটি অনলাইন সেবা চালু করতে হবে। তারই লক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বহি:বাংলাদেশ ছুটি অনলাইনে গ্রহণ ও নিস্পত্তি বিষয়টি চালু করা হয়েছে। এ সংক্রান্ত জারিকৃত জি.ও এ বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে। এছাড়া অন্য একটি অনলাইন সেবা ডিজিটাল বোর্ড সম্পর্কে সভাপতি বিস্তারিত জানতে চান। উপ-সচিব (উন্নয়ন-৩) ডিজিটাল বোর্ড স্থাপনের উদ্দেশ্য এবং অগ্রগতি সভাকে বিস্তারিত অবহিত করেন। ডিজিটাল বোর্ড স্থাপনের অগ্রগতি সম্পর্কে এ বিভাগের প্রোগ্রামার সভাকে জানান যে, অর্থের সংস্থান হলে ভেন্ডর কোম্পানির সাথে ডিজিটাল বোর্ড তৈরী করার চুক্তি দ্রুততার সাথে করা যেতে পারে। দ্রুত বোর্ড স্থাপন করার জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন টিম ও আওতাধীন দপ্তর সংস্থাসমূহের ইনোভেশন টিম নিয়ে ঢাকার বাইরে ৫ দিনের সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার বাধ্যবাধকতা সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রোগ্রামার সভাকে অবহিত করেন। প্রাথমিকভাবে প্রশিক্ষণ ভেন্যু হিসেবে জালালাবাদ গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড,সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড,বিজিএফসিএল এবং মেঘনা রিসোর্ট এর বিষয়ে আলোচনা করা হয়। সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালার ৫ দিনের পূর্ণাঙ্গ কর্মসূচি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জ্বালানি সেক্টরে উদ্ভাবনী সংক্রান্ত আরো প্রগতিশীল চিন্তা করার বিষয়ে সভার গুরুত্বারোপ করা হয়। এর মধ্যে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের তথ্যবহুল ওয়েব পোর্টাল, LNG কার্গো শিডিউলিং, এ বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের বিভিন্ন ধরণের ঋণ/অগ্রিম সংক্রান্ত বিষয়াদি অনলাইন অটোমেশন সিস্টেম চালু করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা হয়।

০২। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১ **ডিজিটাল বোর্ড স্থাপন:** দ্রুত ডিজিটাল বোর্ড স্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট ভেন্ডর কোম্পানির সাথে চুক্তিকরত: তা দ্রুত স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.২ **সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:** সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ে প্রশিক্ষণটি সম্ভাব্য ১-৫ মে ২০১৮ তারিখে আয়োজন করতে হবে। প্রশিক্ষণ কর্মশালার একটি পূর্ণাঙ্গ কর্মসূচি দ্রুত চুড়ান্ত করতে হবে। উক্ত প্রশিক্ষণের সম্ভাব্য ব্যয় নির্ধারণ করতে হবে এবং প্রয়োজনীয় অর্থ এ বিভাগের প্রশাসন-১ অধিশাখার মাধ্যমে সংস্থান করতে হবে;

চলমান পৃষ্ঠা-০২

২.৩ এ বিভাগের স্থাপিত অভিযোগ/মতামত বক্সটি পরিবর্তন করে একটি দৃষ্টিনন্দন অভিযোগ বক্স স্থাপন করতে হবে যাতে সকলের দৃষ্টিগোচর হয় । এ বিষয়ে প্রশাসন-১ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

২.৪ জ্বালানি সেক্টরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ থেকে সেবা পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত উদ্ভাবনী কর্মপরিকল্পনার বিষয়ে নতুন আইডিয়া/মতামত গ্রহণের জন্য পত্র প্রদান করতে হবে ।

০৩। অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-০৩/০৫/২০১৮
(মো: জিল্লুর রহমান চৌধুরী)
যুগ্মসচিব (চিফ ইনোভেশন অফিসার)

নং-২৮.০০.০০০০.০১৩.০৬.০১৪.১৭- ১৪৮

তারিখ: ২০ বৈশাখ ১৪২৫ / ০৩ মে ২০১৮

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। উপসচিব (অপারেশন-২/উন্নয়ন-২/উন্নয়ন-৩/প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০২। উপপ্রধান (পরিকল্পনা-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা) ।
০২। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

০৩/৫/২০১৮

(মোঃ হারুন-অর-রশিদ)
উপসচিব (বাজেট)
ও
সদস্য সচিব
ইনোভেশন কমিটি
ফোন: ৯৫৪০২৭১